দৈনিক বাংলা

তারিখ ... 22 OCT 1988 ...
পৃষ্ঠা ... 1 কলাম 4 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

0 5

# প্রাথমিক শিক্ষা: জানুয়ারীর শুরুতে বিনামূল্যে বই বিতরণ

॥খায়রুল আনোয়ার॥

সারা দেশে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে ১৯৮৯ শিক্ষাবর্ষের বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ জানুয়ারীর প্রথম সপ্তাহে শুরু হবে। টেক্সট বুক বোর্ড থেকে প্রাথমিক শিক্ষা পরিদফতরের মাধ্যমে বিভিন্ন জেলায় বই সরবরাহের কাজ শুরু হয়েছে। খবর সংশ্লিষ্ট সূত্রের।

জানা গেছে, প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত মোট এক কোটি ২৩ লাখ ছাত্রছাত্রীর মধ্যে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হবে। সকল ছাত্রছাত্রীর হাতে যাতে বই পৌঁছে সে ব্যবস্থা

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষা

(প্রথম পৃঃ পর)

নিশ্চিত করা হয়েছে বলে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা জানান।

জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ডের একজন কর্মকর্তা জানান যে, গত ২৪শে সেপ্টেম্বর থেকে বিভিন্ন জেলায় পাঠ্যপুস্তক সরবরাহ শুরু হয়েছে।

উক্ত কর্মকর্তা আরও জানান যে ১৯৮৯ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণীতে ৩৭ লাখ চার হাজার সেট, দ্বিতীয় শ্রেণীর ছাত্রছাত্রীদের জন্যে ২৮ লাখ ছয় হাজার সেট, তৃতীয় শ্রেণীতে ২৪ লাখ দু হাজার সেট, চতুর্থ শ্রেণীতে ১৮ লাখ ৯২ হাজার সেট এবং পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীদের মাঝে ১৪ লাখ ৯৬ হাজার সেট বই বিতরণ করা হবে। এছাড়াও টেক্সট বুক বোর্ড শিশু শ্রেণীর জন্যে ১৭ লাখ ছয় হাজার সেট বই বিনামূল্যে বিতরণের জন্য সরবরাহ করছে।

প্রাথমিক শিক্ষা পরিদফতরের মহাপরিচালকের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, জেলা পর্যায়ে জেলা প্রশাসক ও অন্যান্য কর্মকর্তা এবং উপজেলা পর্যায়ে শিক্ষা অফিসারসহ বিভিন্ন কর্মকর্তাকে নিয়ে গঠিত কমিটির মাধ্যমে বই বিতরণ করা হবে। গ্রামের স্কুলের প্রধান শিক্ষকগণ তাদের ছাত্রছাত্রীদের জন্যে উপজেলা থেকে বই সংগ্রহ করবেন।

বিগত বছরগুলোতে অনেক স্থানে ছাত্রছাত্রীদের হাতে যথাসময়ে বই পৌঁছেনি—এ অভিযোগের ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করা হলে মহাপরিচালক বলেন, পাঠ্যপুস্তক কোথাও পাওয়া না গেলে সংশ্লিষ্টদের তা সঙ্গে সঙ্গে বোর্ড ও প্রাথমিক শিক্ষা পরিদফতরকে জানাতে বলা হয়েছে। সকল শিক্ষার্থীর হাতে বিনামূল্যের এই পাঠ্যপুস্তক যাতে পৌঁছে, সে জন্যে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে বলেও তিনি উল্লেখ করেন।